68

আজকের কাগজ

তারিখ 20 AUG 1994
পৃষ্ঠা ৬ কলাম ২

## খুলনা বিভাগে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যাহত

# দেড় হাজার গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই ৯৮টি প্রধান শিক্ষকের পদ শূন্য

সদরুল আইন : খুলনা বিভাগের ১০ জেলায় ১ হাজার ৫শ' গ্রামে কোনো প্রাথমিক বিদ্যালয় নেই। শিক্ষা অফিস সূত্রে জানা যায়, খুলনা বিভাগে বিদ্যালয় গমণউপযোগী ৪ লাখ ৫০ হাজার ৫শ' ৫৭টি শিশু রয়েছে। এর মধ্যে ৫৪ হাজার ৪শ' ৪৪টি শিশু নানা কারণে শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। খুলনা বিভাগের খুলনা, যশোর, বাগেরহাট, সাতক্ষিরা, নড়াইল, মাগুরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর ও ঝিনেদা জেলায় ৫ হাজার ১শ' ৩৭টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তার মধ্যে ৩ হাজার ৯শ' ১৮টি সরকারি এবং বাকি ১ হাজার ২শ' ১৯টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। এই বিভাগে ১ হাজার ৫শ' গ্রামে কোনো প্রাথমিক বিদ্যালয় নেই। উল্লেখিত বিদ্যালয়সমূহে প্রকট সমস্যা বিদ্যমান থাকায় এবং ১ হাজার ৫শ' গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপিত না হওয়ায় সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে। অপরদিকে এই বিভাগের ১০ জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে ৯৮টি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। সহকারি শিক্ষকরা দীর্ঘদিন যাবত এসব প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন। জেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এই বিভাগের খুলনা জেলায় ১৮টি, বাগেরহাটে ১৩টি, যশোরে ২০টি, মাগুরায় ৮টি, কুষ্টিয়ায় ১৪টি, চুয়াডাঙ্গায় ১০টি, নড়াইলে ৬টি, মেহেরপুর ৬টি এবং ঝিনেদায় ১৩টি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। শুধুমাত্র সাতক্ষীরা জেলার সবগুলো প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক রয়েছেন। ফলে পাঠদান ও অফিসিয়াল কাজকর্মে মারাত্মক জটিলতার সৃষ্টি হচ্ছে।